

দৈনিক  
**ইত্তেফাক**

প্রতিষ্ঠাতা ও সম্পাদক মোস্তাফিজ হোসেন

বুধবার, ১৬ শ্রাবণ ১৪২৬

৩১ জুলাই ২০১৯

# গাজীপুর সিটিতে অ্যাডিস মশা নিধনে কার্যক্রম শুরু

বারিতে আলোচনা: বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর আয়োজনে ডেঙ্গু জ্বর প্রতিরোধে সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মঙ্গলবার সকালে গাজীপুরস্থ ইনস্টিটিউটের সেমিনার কক্ষে “ডেঙ্গু রোধে সামাজিক সচেতনতা

বৃদ্ধি ও করণীয়” শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বারির পরিচালক (সেবা ও সরবরাহ) ড. বাবু লাল নাগের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন ইনস্টিটিউটের ভারপ্রাপ্ত মহাপরিচালক জেবুন নেছা।

দৈনিক  
**জনকণ্ঠ**

ঢাকা ॥ বুধবার  
১৬ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ  
৩১ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

**বারিতে পানি সাশ্রয়ী  
সেচ প্রযুক্তির  
সম্প্রসারণ  
বিষয়ক কর্মশালা**

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥  
বাংলাদেশ কৃষি গবেষণা  
ইনস্টিটিউটে (বারি) পানি সাশ্রয়ী  
সেচ প্রযুক্তি সম্প্রসারণ বিষয়ক  
কর্মশালা মঙ্গলবার অনুষ্ঠিত  
হয়েছে। 'উপকূলীয় ক্ষরাপ্রবণ ও  
পাহাড়ী এলাকায় ফসল উৎপাদনে  
বারি উদ্ভাবিত পানি সাশ্রয়ী সেচ  
প্রযুক্তির সম্প্রসারণ' শীর্ষক  
কর্মশালা সাম্প্রতিক সময়ে  
উদ্ভাবিত প্রযুক্তি সমূহ পরিচিতির  
লক্ষ্যে অনুষ্ঠিত হয়েছে। বারি'র  
ভারপ্রাপ্ত মহাপরিচালক জেবুন  
নেছা অনুষ্ঠানে প্রধান অতিথি  
হিসেবে উদ্বোধন করেন।  
ইনস্টিটিউটের পরিচালক  
(গবেষণা) ড. আব্দুল ওহাবের  
সভাপতিত্ব করেন।

